# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৫৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে সালাত আদায় না করলে, এর মাধ্যমে সেই ব্যক্তি এমন কাফির হয়ে যাবে না যে, তার মুসলিম উত্তরাধিকারীগণ তার সম্পদের উত্তরাধিকারী হবেন না, যদি সে সেই সালাত আদায় না করার আগে মারা যায়- এই ব্যাপারে চতুর্থ হাদীস

ذِكْرُ خَبَرٍ رَابِعٍ يَدُلُّ عَلَى أَنَّ تَارِكَ الصَّلَاةِ مُتَعَمِّدًا لَا يَكْفُرُ كُفْرًا لَا يَرِثُهُ وَرَثَتُهُ الْمُسْلِمُونَ لَوْ مَاتَ قَبْلَ أَنْ يُصَلِّيَهَا

---

আরবী

1456 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الطُّفَيْلِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ فِي غَزْوَةِ تَبُوكَ فَكَانَ إِذَا ارْتَحَلَ قَبْلَ زَيْغِ الشَّمْسِ أَخَّرَ الظُّهْرَ حتى يجمعها إلى العصر فيصليهما جميعا وإذا ارْتَحَلَ بَعْدَ زَيْغِ الشَّمْسِ صَلَّى الظُّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا ثُمَّ سَارَ وَكَانَ إِذَا ارْتَحَلَ قَبْلَ الْمَغْرِبِ أَخَّرَ الْمَغْرِبَ حَتَّى يُصَلِّيَهَا مَعَ الْعِشَاءِ وَإِذَا ارْتَحَلَ بَعْدَ الْمَغْرِبِ عجَّل الْعِشَاءَ وَصَلَّاهَا مع المغرب.

الراوي : مُعَاذ بْن جَبَلٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1456 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪৫৬. মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাবূক যুদ্ধে বের হন, অতঃপর যখন তিনি সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার আগে যাত্রা শুরু করতেন, তখন যোহরের সালাতকে পিছিয়ে দিতেন, এমনকি তা আসরের সাথে একসাথে আদায় করতেন। আর যখন তিনি সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার পরে যাত্রা শুরু করতেন, (আসরের সালাতকে এগিয়ে নিয়ে), যোহর ও আসর একসাথে আদায় করতেন তারপর রওনা করতেন। যখন তিনি সূর্য অস্ত যাওয়ার আগে যাত্রা শুরু করতেন, তখন তিনি মাগরিবের সালাতকে পিছিয়ে দিতেন, এমনকি তা ইশার সাথে একসাথে আদায় করতেন। যখন তিনি সূর্য

অস্ত যাওয়ার পরে যাত্রা শুরু করতেন, তখন তিনি ইশার সালাতকে এগিয়ে নিতেন, এবং তা মাগরিবের সাথে একসাথে আদায় করতেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৪১; আবূ দাউদ: ১২২০; তিরমিযী: ৫৫৩; দারাকুতনী: ১/৩৯২; সুনান বাইহাকী: ৩/১৬৩; আবূ নুআইম, হিলইয়াতুল আওলিয়া: ৭/৮৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90771

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন